

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯০.২০১৯/২১৭২/৬

তারিখঃ ২৭/০২/১৪২৬ বঙ্গাব্দ  
৩০/০৬/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন কাটলা ডিগ্রি কলেজের জনাব মোঃ রেজাউল করিম, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এর এমপিওভুক্ত।

সূত্রঃ স্মারক নং-ক/ডি/ক/১৯(১৬); তারিখঃ ২০/০৩/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন কাটলা ডিগ্রি কলেজের জনাব মোঃ রেজাউল করিম, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য কলেজটির অধ্যক্ষ সূত্রোক্ত আবেদনপত্র দাখিল করেন।

দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন কাটলা ডিগ্রি কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত। তিনি ১২/০৫/২০০২খ্রি. তারিখে ডিগ্রিস্তরে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে যোগদান করেন। জনাব মোঃ নাসির উদ্দীন, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (ইনডেক্স নম্বর-৪২৩৭০৯) অবসর জনিত কারণে ইতিহাস বিষয়ের পদটি শূণ্য হয়। বর্ণিত বিষয়ে কোন শিক্ষক এমপিওভুক্ত নেই। জনবল কাঠামো ২০১৮ এর ৬.২ক ধারা অনুযায়ী বেসরকারি উচ্চ মাধ্যমিক স্তরে এমপিওভুক্ত কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় স্বীকৃতি ও অধিভুক্ত থাকলে প্রতি বিষয়ে একজন প্রভাষক/সহকারী অধ্যাপক এমপিও প্রাপ্য হবেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত, এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক-কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূণ্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।

এমতাবস্থায়, জনাব মোঃ রেজাউল করিম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) এর নিয়োগ প্রক্রিয়া যথাযথ ও বিধিসম্মত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ৯(II) ধারা মোতাবেক তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে শূণ্য পদে সমন্বয় করতে কোন বাধা নাই। এমপিওভুক্তির নিমিত্তে তাকে অন-লাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ এনামুল হক হাওলাদার)

উপপরিচালক (কলেজ-২)

ফোনঃ ৯৫৫৭৬৯১

Email-ncollege@dshe.gov.bd

স্বাক্ষর

অধ্যক্ষ

কাটলা ডিগ্রি কলেজ

বিরামপুর, দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, কাটলা ডিগ্রি কলেজ, বিরামপুর, দিনাজপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৫। জনাব মোঃ রেজাউল করিম, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), কাটলা ডিগ্রি কলেজ, বিরামপুর, দিনাজপুর।
- ৬। সংরক্ষণ নথি।